# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৪৫

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৫. নাবীয দ্বারা উযু করা

## بَابُ الْوُضُوءِ بِالنَّبِيذِ

---

আরবী

ثَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ الْحَسَنِ ، نَا الْفَضْلُ بْنُ صَالِحٍ الْهَاشِمِيُّ ، نَا الْحُسَيْنُ بْنُ عُبَيْدِ اللَّهِ الْعِجْلِيُّ ، نَا أَبُو مُعَاوِيَةَ ، عَنِ الْأَعْمَشِ ، عَنْ أَبِي وَائِلٍ ، قَالَ : سَمِعْتُ ابْنَ مَسْعُودٍ يَقُولُ : كُنْتُ مَعَ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ لَيْلَةَ الْجِنّ فَأَتَاهُمْ فَقَرَأَ عَلَيْهِمُ الْقُرْآنَ ، فَقَالَ لِي رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فِي بَعْضِ اللَّيْلِ : " أَمَعَكَ مَاءٌ يَا ابْنَ مَسْعُودٍ ؟ " . قُلْتُ : لَا وَاللَّهِ يَا رَسُولَ اللَّهِ ، إِلَّا إِدَاوَةً فِيهَا نَبِيذٌ ، فَقَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " تَمْرَةٌ طَيِّبَةٌ ، وَمَاءٌ طَهُورٌ " ، فَتَوَضَّأَ بِهِ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ . الْحُسَيْنُ بْنُ عُبَيْدِ اللَّهِ هَذَا يَضَعُ الْأَحَادِيثَ عَلَى الثِّقَاتِ

বাংলা

২৪৫(১৬). মুহাম্মাদ ইবনে আহমাদ ইবনুল হাসান (রহঃ) ... আবু ওয়াইল (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি ইবনে মাসউদ (রাঃ)-কে বলতে শুনেছি, আমি জিনদের আগমনের রাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে ছিলাম। জিনেরা তাঁর নিকট এলে তিনি তাদের কুরআন পড়ে শুনালেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক রাতের কোন এক প্রহরে আমাকে বলেনঃ হে ইবনে মাসউদ! তোমার সাথে পানি আছে কি? আমি বললাম, আল্লাহর কসম ইয়া রাসূলাল্লাহ! না, তবে আমার নিকট একটি পাত্রে নবীয আছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ খেজুর পবিত্র এবং পানিও পবিত্র। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা দিয়ে উযু করেন।

আল-হুসাইন ইবনে উবায়দুল্লাহ নির্ভরযোগ্য রাবীদের নামে মনগড়া হাদীস বর্ণনা করেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ ওয়াইল (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80034

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন